



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

শিক্ষা নিয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

## একাডেমিক ও স্কলারশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০৭৩১) ৬৩৬৯৪

স্মারক নং/ পাবিপ্রবি/একা/২১০/৩৭৩

একই স্মারক ও তারিখে

তারিখ: ০৯ ডিসেম্বর, ২০২০

### সংশোধিত নোটিশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, করোনা মহামারীর (কোভিড -১৯) কারণে উদ্ভূত পরিস্থিতিতে অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের মধ্যে স্ব স্ব বিভাগ থেকে ইতোপূর্বে প্রেরিত যে তালিকা (তালিকা সংযুক্ত) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে (ইউজিসি) প্রেরণ করা হয়েছে, শুধুমাত্র তাদের মধ্যে যারা স্মার্টফোন কেনার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রণীত Softloan নীতিমালার আলোকে সুদবিহীন ঋণ (সর্বোচ্চ ৮০০০/= (আট হাজার টাকা মাত্র) নিতে আহ্বানী, তাদেরকে আগামী ১০/০১/২০২১ তারিখের মধ্যে জনতা ব্যাংক লিমিটেড এর যে কোন শাখার শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরসহ (যে সমস্ত শাখায় অনলাইন ব্যাংকিং সুবিধা আছে) নির্দিষ্ট ফরমেটে বিভাগীয় চেয়ারম্যানের মাধ্যমে আবেদন করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

### Softloan নীতিমালার আলোকে ঋণ আদায় পদ্ধতি হবে নিম্নরূপ:

- সুদবিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন পরিশোধ করতে হবে।
- Softloan প্রাপ্তির আবেদন পত্রে শিক্ষার্থীকে একটি ব্যাংক একাউন্ট নম্বর উল্লেখ করতে হবে।
- ঋণের সম্পূর্ণ অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা যাবে না।
- ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ প্রাপ্তির আবেদনের সঙ্গে বিভাগের সভাপতি ও Softloan অনুমোদন কমিটির সদস্য সচিব এর নিকট থেকে ঋণ পরিশোধের ক্রিয়ারেপ গ্রহণ করে শিক্ষার্থীকে ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ গ্রহণ করতে হবে।
- জনতা ব্যাংক লিমিটেড, পাবিপ্রবি শাখার অনুকূলে Softloan হিসাব নম্বরে ঋণের কিস্তি পরিশোধ করতে হবে।

মোঃ সুজা উদ্দিন

সহকারী রেজিস্ট্রার

একাডেমিক ও স্কলারশিপ শাখা, পাবিপ্রবি  
ও সদস্য সচিব

Softloan অনুমোদন কমিটি, পাবিপ্রবি

স্মারক নং/ পাবিপ্রবি/একা/২১০/৩৭৩

তারিখ: ০৯ ডিসেম্বর, ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি/বিজ্ঞান/জীব ও ভূ-বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, পাবিপ্রবি;
- চেয়ারম্যান, সিএসই/ইইই/গণিত/ব্যবসায় প্রশাসন/ইটিই/আইসিই/পদার্থবিজ্ঞান/অর্থনীতি/ ভূগোল ও পরিবেশ/নগর ও অঞ্চল পরিকল্পনা/ফার্মেসি/পরিসংখ্যান/রসায়ন/বাংলা/ইংরেজি/লোকপ্রশাসন/ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ/সমাজকর্ম/ সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, পাবিপ্রবি; (উপর্যুক্ত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে অনুরোধ করা হলো);
- পরিচালক, ছাত্র উপদেষ্টা দপ্তর, পাবিপ্রবি;
- পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
- পি এস টু ভিসি, (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
- পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
- অফিস কপি।

মোঃ সুজা উদ্দিন

সহকারী রেজিস্ট্রার

একাডেমিক ও স্কলারশিপ শাখা, পাবিপ্রবি  
ও সদস্য সচিব

Softloan অনুমোদন কমিটি, পাবিপ্রবি



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

একাডেমিক ও স্কলারশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০৭৩১) ৬৩৬৯৪

শিক্ষা নিয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

## Softloan প্রাপ্তির আবেদন

ছবি

তারিখঃ

বরাবর

সদস্য সচিব

Softloan অনুমোদন কমিটি।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মাধ্যম: চেয়ারম্যান, ..... বিভাগ।

বিষয়: স্মার্টফোন কেনার জন্য Softloan প্রদানের আবেদন।

মহোদয়,

আমি ..... পিতা .....

বিভাগ ..... সেশন ..... রোল নম্বর .....

রেজিস্ট্রেশন নম্বর ..... NID নম্বর ..... জনতা ব্যাংক লিমিটেড- এর যে

কোন শাখার শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর (যে সমস্ত শাখায় অনলাইন ব্যাংকিং সুবিধা আছে)

..... বিশ্ববিদ্যালয়ের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী। বর্তমানে বিভাগীয় অনলাইনে ক্লাস করার

জন্য আমার একটি স্মার্টফোন কেনা অত্যন্ত জরুরী যা ক্রয় করার জন্য প্রয়োজনীয় অর্থ যোগান দেওয়া আমার পক্ষে এ

মুহুর্তে সম্ভব নয়। এমতাবস্থায় ইউজিসি কর্তৃক প্রেরিত Softloan নীতিমালার আলোকে আমি বিনা সুদে .....

টাকা (কথায়:.....) ঋণ গ্রহণের জন্য আবেদন করছি। বিশ্ববিদ্যালয় হতে ট্রান্সক্রিপ্ট ও

সাময়িক/মূল সনদপত্র উত্তোলনের পূর্বে আমি ঋণ পরিশোধ করতে বাধ্য থাকবো।

অতএব বিনীত নিবেদন এই যে, আমাকে স্মার্টফোন কেনার জন্য ঋণ প্রদান করে বাধিত করবেন।

বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশ

আপনার একান্ত বাধ্যনুগত